দৈনিক ইত্তেফাক

তারিখ 02 NOV 1994
পৃষ্ঠা ৩ কলাম ১

04

# কুমিল্লা মেডিক্যাল কলেজে রেজিষ্ট্রেশনের অভাবে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত

কুমিল্লা সংবাদদাতা ।। দুই বৎসর অতিবাহিত হওয়ার পরও বিশ্ববিদ্যালয় রেজিষ্ট্রেশন না পাওয়ায় সমস্যা জর্জরিত কুমিল্লা মেডিকেল কলেজ ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। রেজিষ্ট্রেশনের অভাবে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের পরীক্ষা সেপ্টেম্বরে হওয়ার কথা থাকিলেও তাহা সম্ভব হয় নাই। কবে হইবে কর্তৃপক্ষ সে সম্পর্কে সঠিক কিছু বলিতে পারিতেছেন। নানা অভাব-অভিযোগের মধ্যেও কলেজ কর্তৃপক্ষ কাজ চালাইয়া নিতেছে। কিন্তু রেজিষ্ট্রেশনের অনিশ্চয়তায় সুবিধা বঞ্চিত ছাত্র-ছাত্রীরা বিক্ষুব্ধ হইয়া পড়িয়াছে। অভিভাবকরা হতাশায় ভুগিতেছে।